

**বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ**  
**১ম পর্ব পরীক্ষার প্রশ্নোত্তর -২০২০**  
**তৃতীয় শ্রেণি**  
**বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা**  
**৫ম অধ্যায় ( মহানবি (স) - মহানবি (স) এর নবুওয়াত লাভ ও ইসলাম প্রচার)**

**সংক্ষিপ্ত প্রশ্নোত্তর**

**ক। নবি-রাসুলগণকে কে পাঠিয়েছেন?**

উত্তরঃ মহান আল্লাহ এ পৃথিবীতে নবি-রাসুলগণকে পাঠিয়েছেন। তাঁরা মানুষকে সঠিক পথ দেখাতেন।

**খ। এ পৃথিবীর প্রথম মানুষ কে?**

উত্তরঃ এ পৃথিবীর সর্বপ্রথম মানুষ হযরত আদম (আ)। তিনি সব মানুষের আদি পিতা।

**গ। সর্বশেষ নবি ও রাসুল কে?**

উত্তরঃ হযরত মুহাম্মদ (স) সর্বশেষ নবি ও রাসুল। তাঁর পরে আর কোনো নবি-রাসুল আসবেন না।

**ঘ। আল্লাহ তায়ালার সবচেয়ে বেশি প্রিয় মানুষ কে?**

উত্তরঃ আল্লাহ তায়ালার সবচেয়ে বেশি প্রিয় মানুষ হযরত মুহাম্মদ (স)। তিনি ছিলেন পৃথিবীর সবচেয়ে ভালো মানুষ।

**ঙ। আমাদের মহানবি (স) এর নাম কী?**

উত্তরঃ আমাদের মহানবি (স) এর নাম হযরত মুহাম্মদ (স)। তিনি সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবি।

**চ। আমাদের মহানবি (স) কত সনে, কোন মাসের কত তারিখ জন্মগ্রহণ করেন?**

উত্তরঃ আমাদের মহানবি (স) ৫৭০ খ্রিস্টাব্দে আরবি রবিউল আওয়াল মাসের ১২ তারিখ সোমবার জন্মগ্রহণ করেন।

**ছ। আমাদের মহানবি (স) এর আক্বা ও আম্মার নাম কী?**

উত্তরঃ আমাদের মহানবি (স) এর আক্বার নাম আব্দুল্লাহ ও আম্মার নাম আমিনা। জন্মের আগেই তাঁর আক্বা ইন্তেকাল করেন।

**জ। আমাদের মহানবি (স) এর দুধমার নাম কী?**

উত্তরঃ মহানবি (স) এর দুধমার নাম হালিমা। তিনি অত্যন্ত আদরযত্নের সাথে তাকে দুধ পান করান।

**ঝ। আল-আমীন মানে কী?**

উত্তরঃ মহানবি (স) কে সবাই আল আমীন বলে ডাকত। আল আমীন মানে পরম বিশ্বস্ত।

ঞ। নবিজি (স) এর মক্কা ছেড়ে মদীনায় যাওয়াকে কী বলে?

উত্তরঃ কাফেররা মহানবি (স) কে মেরে ফেলার ষড়যন্ত্র করল। তখন তিনি আল্লাহ তায়ালার নির্দেশে মদিনায় চলে যান। নবিজি (স) এর এই মক্কা ছেড়ে মদিনায় চলে যাওয়াকে হিজরত বলে।

ট। হিজরত অর্থ কী?

উত্তরঃ হিজরত অর্থ আল্লাহর সন্তুষ্টির জন্য দেশ ত্যাগ করা।

ঠ। আনসার অর্থ কী?

উত্তরঃ আনসার আরবি শব্দ। এর অর্থ সাহায্যকারী।

ড। মহানবি (স) কত সনে, কোন মাসের কত তারিখ ইনতিকাল করেন?

উত্তরঃ মহানবি ৬৩২ খ্রিষ্টাব্দে মদিনায় ইতিকাল করেন। সেদিনও ছিল রবিউল আওয়াল মাসের ১২ তারিখ সোমবার।

ঢ। মহানবি (স) এর কতজন ছেলে ও মেয়ে ছিল?

উত্তরঃ মহানবি (স) এর চারজন ছেলে ও চারজন মেয়ে ছিল। ছেলেরা সবাই শৈশবকালে ইতিকাল করেন।

ণ। মহানবি (স) একটি শান্তি ও সেবাসংঘ গঠন করেন, সেটির নাম কী?

উত্তরঃ মহানবি (স) তাঁর সমবয়সী শান্তিকামী যুবকদের সাথে নিয়ে হিলফুল ফুযুল নামে একটি শান্তি ও সেবাসংঘ গঠন করেন।

ত। মহানবি (স) যে গুহায় নবুওয়াত লাভ করেন, সেই গুহাটির নাম কী?

উত্তরঃ মহানবি (স) জাবালে নূর পর্বতের হেরা গুহায় নবুওয়াত লাভ করেন।

থ। মহানবি (স) কত বছর বয়সে নবুওয়াত লাভ করেন?

উত্তরঃ মহানবি (স) চল্লিশ বছর বয়সে নবুওয়াত লাভ করেন।

### বর্ণনামূলক প্রশ্নোত্তর

ক। ছোটবেলায় মহানবি (স) এর স্বভাব-চরিত্র কেমন ছিল?

উত্তরঃ মহানবি (স) এর স্বভাব-চরিত্র ছিল খুবই সুন্দর। তিনি ছোটবেলা থেকেই খুব শান্ত শিষ্ট ছিলেন। কোনদিন কারো সাথে মারামারি করতেন না। কাউকে গালি দিতেন না। তিনি সবাইকে ভালোবাসতেন। দুঃখী মানুষের কষ্ট দূর করতেন। সত্য ছাড়া কখনো মিথ্যা কথা বলতেন না। কথা দিয়ে কথা রাখতেন। সবাই তাকে বিশ্বাস করত। তাই তাকে আল আমীন বলে ডাকত। আমরা মহানবি (স) এর মতো স্বভাব-চরিত্র সুন্দর করব।

**খ। মহানবি (স) এর জন্মের সময় আরব দেশের লোকেরা কেমন ছিল?**

উত্তরঃ মহানবি (স) এর জন্মের সময় আরব দেশের লোকেরা ছিল খুবই খারাপ। তারা নিজেরা মারামারি করত। সামান্য কারণে যুদ্ধ করত। খুন-খারাবি করত। চুরি ডাকাতি করত। রাস্তায় চলাচলকারী লোকদের টাকা পয়সা কেড়ে নিত। গরিব-দুঃখী, এতিম ও দুর্বল মানুষকে কষ্ট দিত। মেয়ে শিশুদের জীবন্ত কবর দিত। বাজারে পণ্যের মতো মানুষ বেচাকেনা করত। এক আল্লাহকে মানত না। আল্লাহর সাথে শরিক করত। বহু দেব-দেবীর পূজা করত। তারা পবিত্র কাবাঘরে ৩৬০ টি মূর্তি রেখেছিল।

**গ। মহানবি (স) হাজরে আসওয়াদ কাবার দেয়ালে কিভাবে স্থাপন করেন?**

উত্তরঃ হাজরে আসওয়াদ মানে কালোপাথর। কুরাইশদের সকল গোত্রের সিদ্ধান্ত মোতাবেক মহানবি (স) হাজরে আসওয়াদ কাবার দেয়ালে স্থাপন করেন। মহানবি (স) প্রথমে একটি চাদর বিছান। নিজ হাতে হাজরে আসওয়াদটি তার উপর তোলেন। তারপর মহানবি (স) এর নির্দেশে প্রত্যেক গোত্রের প্রতিনিধি চাদরটির চারদিক ধরে উঁচু করে কাবার দেয়ালের কাছে নিয়ে যায়। মহানবি (স) সেখান থেকে পাথরটি উঠিয়ে দেয়ালে রেখে দেন। এভাবে বিরোধের সুন্দর মীমাংসা করেন।

### বাড়ির কাজ

- ১। সঠিক উত্তর, শূণ্যস্থান পূরণ, মিলকরণ ইত্যাদি প্রশ্নের জন্য অবশ্যই সিলেবাস অনুযায়ী ৫ম অধ্যায়ের পাঠসমূহ মনোযোগের সাথে পড়বে।
- ২। অনুশীলনীর সঠিক উত্তর, শূণ্যস্থান পূরণ, মিলকরণ ইত্যাদি প্রশ্নগুলো সমাধান করবে।
- ৩। উপরে প্রদত্ত প্রশ্নের উত্তরগুলো মুখস্ত করবে।
- ৪। সময় অপচয় না করে লেখাপড়া চালিয়ে যাবে।